

জাতিসংঘ ও বাংলাদেশ

১৯৭২ সালে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদের জন্য প্রথমবারের মত বাংলাদেশ আবেদন করে। ১৭ অক্টোবর, ১৯৭২ সালে স্থায়ী পর্যবেক্ষকের আসনের মর্যাদা লাভ করে। জাতিসংঘের ২৯তম অধিবেশনে ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে ১৩৬ তম সদস্য হিসেবে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে। জাতিসংঘের সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে ১৯৭৪ সালের ২৫শে সেপ্টেম্বর প্রথমবারের মত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলায় ভাষণ দেন। জাতিসংঘে বাংলাদেশের প্রথম স্থায়ী প্রতিনিধি ছিলেন এস এ করিম (সৈয়দ আনোয়ারুল করিম), প্রথম মহিলা স্থায়ী প্রতিনিধি ছিলেন ইসমাৎ জাহান। বর্তমান স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতেমা (১৫তম)।

জাতিসংঘে বাংলাদেশের চাঁদার হার মোট বাজেটের ০.০১ শতাংশ। (১০,০০০ ভাগের ১ ভাগ)।

জাতিসংঘের CEDAW (Convention on the Elimination of All Forms of Discrimination Against Women) কমিটির প্রথম বাংলাদেশি সদস্য ছিলেন- সালমা খান।

জাতিসংঘ ওয়েবে শহীদ মিনার যুক্ত হয় ১৯ ফেব্রুয়ারি, ২০১০ সালে।

২০১৩ সালে জাতিসংঘ রেডিও বাংলা তার যাত্রা শুরু করে।

২০০৮ সালে জাতিসংঘ ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়।

United Nations Economic and Social Council (ECOSOC) এর ১৮টি সদস্যদেশের একটি হিসেবে ২০২০-২০২২ মেয়াদে বাংলাদেশ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে নির্বাচিত হয়েছে।